রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মে ২, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৫ বৈশাখ, ১৪২৮ বঙ্গাব্দ/১৮ এপ্রিল, ২০২১ খ্রিষ্টাব্দ

**এস. আর. ও. নং ৯৮-আইন/২০২১।**—দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২ (২০১২ সনের ৩৪ নং আইন) এর ধারা ৫৮, ধারা ৩২ এর উপ-ধারা (৬) এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা দুর্যোগ ব্যবস্থাপনা (তহবিল পরিচালনা) বিধিমালা, ২০২১ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "আইন" অর্থ দুর্যোগ ব্যবস্থাপনা আইন, ২০১২ (২০১২ সনের ৩৪ নং আইন);

(খ) "জাতীয় কমিটি" অর্থ জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল পরিচালনা কমিটি;

(গ) "জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল" অর্থ আইনের ধারা ৩২ এর অধীন গঠিত জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল;

(ঘ) "জেলা কমিটি" অর্থ জেলা দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল পরিচালনা কমিটি;

(ঙ) "জেলা দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল" অর্থ আইনের ধারা ৩২ এর অধীন গঠিত জেলা দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল;

(চ) "তফসিল" অর্থ এই বিধিমালার তফসিল।


মূল্য : টাকা ১৬.০০

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল গঠন।**—আইনের ধারা ৩২ এর উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে,—

(ক) জাতীয় পর্যায়ে একটি জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল থাকিবে; এবং

(খ) জেলা পর্যায়ে জেলা দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল থাকিবে।

৪। **জাতীয় কমিটি।**—(১) জাতীয় কমিটি নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা :—

(ক) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, যিনি ইহার সভাপতিও হইবেন;

(খ) সচিব, কৃষি মন্ত্রণালয়;

(গ) সচিব, খাদ্য মন্ত্রণালয়;

(ঘ) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর;

(ঙ) সরকার কর্তৃক মনোনীত দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে অভিজ্ঞ একজন ব্যক্তি;

(চ) সরকার কর্তৃক মনোনীত একজন এনজিও প্রতিনিধি;

(ছ) যুগ্মসচিব (ত্রাণ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(২) জাতীয় কমিটি, প্রয়োজনে, দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে অভিজ্ঞ এক বা একাধিক ব্যক্তিকে কমিটিতে কো-অপ্ট করিতে পারিবে।

(৩) তহবিল সংরক্ষণ ও পরিচালনার জন্য জাতীয় কমিটির একটি কার্যালয় বা দপ্তর থাকিবে এবং সরকার উক্ত কার্যালয় বা দপ্তরকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করিবে।

৫। **জাতীয় কমিটির কার্যাবলি।**—জাতীয় কমিটির কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা :—

(ক) দুর্যোগ ব্যবস্থাপনা কৌশল প্রণয়ন ও গৃহীতব্য প্রকল্প বা কর্মসূচির অগ্রাধিকার নির্ধারণ;

(খ) জেলা কমিটির অনুকূলে অর্থ ছাড়করণ;

(গ) জেলা কমিটিকে তহবিল পরিচালনার কৌশলগত নির্দেশনা প্রদান;

(ঘ) জেলা দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল বা অন্য কোনো দুর্যোগ ব্যবস্থাপনা তহবিলের অর্থ ছাড় এবং প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;

(ঙ) সরকার বা, ক্ষেত্রমত, কাউন্সিল কর্তৃক নির্দেশিত অন্য কোনো কার্যসম্পাদন।

৬। **জাতীয় কমিটির সভা।**—(১) জাতীয় কমিটির সভা কমিটির সভাপতি কর্তৃক নির্ধারিত স্থানে ও সময়ে অনুষ্ঠিত হইবে।

(২) জাতীয় কমিটি প্রত্যেক বৎসর অন্যূন ৪ (চার)টি সভায় মিলিত হইবে, তবে কমিটি, প্রয়োজনে, ততোধিক সভায় মিলিত হইতে পারিবে।

(৩) অন্যূন এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে কমিটির সভার কোরাম গঠিত হইবে, তবে মুলতবি সভার ক্ষেত্রে কোনো কোরামের প্রয়োজন হইবে না।

(৪) সভাপতির অনুপস্থিতিতে উপস্থিত সদস্যগণ কর্তৃক মনোনীত কোনো সদস্য সভায় সভাপতিত্ব করিবেন।

(৫) সংখ্যাগরিষ্ঠ সদস্যের ভোটে জাতীয় কমিটির সভায় সিদ্ধান্ত গৃহীত হইবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে সভার সভাপতির একটি দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

৭। **জেলা কমিটি**।—(১) জেলা কমিটি নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে গঠিত হইবে, যথা :—

(ক) জেলা প্রশাসক, যিনি ইহার সভাপতিও হইবেন;

(খ) সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত একজন উপযুক্ত প্রতিনিধি বা, ক্ষেত্রমত, পৌরসভার মেয়র;

(গ) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক);

(ঘ) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর;

(ঙ) উপপরিচালক, মৎস্য অধিদপ্তর;

(চ) উপপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর;

(ছ) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়;

(জ) উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়;

(ঝ) জেলার দুর্যোগপূর্ণ বা দুর্যোগপ্রবণ এলাকার উপজেলা নির্বাহী অফিসার;

(ঞ) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(২) জেলা কমিটি, প্রয়োজনে, দুর্যোগ ব্যবস্থাপনা বিষয়ে অভিজ্ঞ এক বা একাধিক ব্যক্তিকে কমিটিতে কো-অপ্ট করিতে পারিবে।

(৩) তহবিল সংরক্ষণ ও পরিচালনার জন্য জেলা কমিটির একটি কার্যালয় বা দপ্তর থাকিবে এবং সংশ্লিষ্ট জেলা প্রশাসন বা, ক্ষেত্রমত, সরকার উক্ত কার্যালয় বা দপ্তরকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করিবে।

(৪) উপ-বিধি (১) এ উল্লিখিত কমিটির সদস্য-সচিব, কমিটির সভাপতির সহিত পরামর্শক্রমে স্থিরীকৃত পদ্ধতিতে, সংশ্লিষ্ট জেলার দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল পরিচালনা, হিসাব বিবরণী প্রস্তুত এবং যাবতীয় বিল, ভাউচার ও দলিলাদি সংরক্ষণ করিবেন।

৮। **জেলা কমিটির কার্যাবলি**।—জেলা কমিটির কার্যাবলি হইবে নিম্নরূপ, যথা :—

(ক) উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি কর্তৃক দাখিলকৃত প্রকল্প বা কর্মসূচি মূল্যায়নপূর্বক সুপারিশসহ জাতীয় কমিটিতে প্রেরণ;

(খ) প্রকল্প বা কর্মসূচি সম্পর্কে সরেজমিনে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ এবং জাতীয় কমিটিতে প্রেরণ;

(গ) অনুমোদিত প্রকল্পের অনুকূলে অর্থ ছাড়করণ;

(ঘ) অনুমোদিত প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম তত্ত্বাবধান ও মূল্যায়ন;

(ঙ) জেলা দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল ব্যবহার সম্পর্কিত তথ্য সংরক্ষণ;

(চ) জাতীয় কমিটির নির্দেশনা মোতাবেক আইন বা এই বিধিমালার অধীন গঠিত কোনো দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিকে তহবিল হইতে বরাদ্দ প্রদান;

(ছ) সরকার বা, ক্ষেত্রমত, কাউন্সিল কর্তৃক অর্পিত অন্য কোনো কার্যসম্পাদন।

৯। **জেলা কমিটির সভা**।—(১) জেলা কমিটির সভা কমিটির সভাপতি কর্তৃক নির্ধারিত স্থানে ও সময়ে অনুষ্ঠিত হইবে।

(২) জেলা কমিটি বৎসরে অন্যূন ৪ (চার)টি সভায় মিলিত হইবে, তবে উক্ত কমিটি, প্রয়োজনে, ততোধিক সভায় মিলিত হইতে পারিবে।

(৩) অন্যূন এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে জেলা কমিটির সভার কোরাম গঠিত হইবে, তবে মুলতবি সভার ক্ষেত্রে কোনো কোরামের প্রয়োজন হইবে না।

(৪) সভাপতির অনুপস্থিতিতে জেলা প্রশাসকের দায়িত্বে নিয়োজিত কোনো কর্মচারী এবং তাহার অনুপস্থিতিতে উপস্থিত সদস্যগণ কর্তৃক মনোনীত কোনো সদস্য জেলা কমিটির সভায় সভাপতিত্ব করিবেন।

(৫) সংখ্যাগরিষ্ঠ সদস্যগণের ভোটে জেলা কমিটির সভায় সিদ্ধান্ত গৃহীত হইবে, তবে ভোটের সমতার ক্ষেত্রে সভার সভাপতির একটি দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

১০। **তহবিল ব্যবহার ও ব্যবস্থাপনা**।—(১) তহবিলের অর্থ দুর্যোগপূর্ব, দুর্যোগকালীন এবং দুর্যোগের অব্যবহিত পরবর্তী সময়ে অগ্রাধিকারমূলক এবং সাধারণ কার্যে ব্যবহার করা যাইবে।

(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নবর্ণিত কার্যসমূহ অগ্রাধিকারমূলক কার্য হিসাবে গণ্য হইবে, যথা :—

(ক) দুর্যোগ ঝুঁকি হ্রাসমূলক কাঠামোগত ও অকাঠামোগত কর্মসূচি বাস্তবায়ন;

(খ) দুর্যোগের ঝুঁকিহ্রাসের জন্য সরকার বা, ক্ষেত্রমত, কাউন্সিলের নির্দেশনা মোতাবেক তহবিলের অর্থ কাঠামোগত ও অকাঠামোগত খাতে ব্যয়;

(গ) সামাজিক অংশগ্রহণমূলক পদ্ধতিতে জনগোষ্ঠীর ঝুঁকি নিরূপণ ও ঝুঁকিহ্রাস সংক্রান্ত কর্মপরিকল্পনা প্রণয়ন;

(ঘ) দুর্যোগ ব্যবস্থাপনা কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য তহবিল হইতে অর্থ প্রদানের মাধ্যমে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর সুরক্ষা এবং বিপদাপন্নতা প্রশমন, বিশেষত নারী, শিশু, প্রতিবন্ধী ও বয়স্ক ব্যক্তিগণের বিপদাপন্নতার প্রতি গুরুত্বারোপ;

(ঙ) অতি বিপদাপন্ন জনগোষ্ঠীর ঝুঁকিহ্রাসের লক্ষ্যে কাঠামোগত এবং অকাঠামোগত সহায়তা প্রদান;

(চ) বিপদাপন্ন জীবন ও জীবিকার জন্য অভিযোজনক্ষম জীবন এবং জীবিকা অন্বেষণে সহায়তা প্রদান;

(ছ) জরুরি বা আপদকালীন জলাবদ্ধতা দূরীকরণের জন্য, প্রয়োজনে, উপযুক্ত প্রকল্প গ্রহণ;

(জ) দুর্যোগ ব্যবস্থপনা কার্যে নিয়োজিত বিভিন্ন পর্যায়ের দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যগণকে সার্বক্ষণিক প্রস্তুত রাখিবার লক্ষ্যে নিয়মিত প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ;

(ঝ) উদ্ধারকার্য পরিচালনার জন্য স্বেচ্ছাসেবকদের প্রস্তুত রাখা এবং প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহ ও পরিবহণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা;

(ঞ) সরকার কর্তৃক ঘোষিত বা গৃহীত অন্য কোনো কার্য।

(৩) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নবর্ণিত কার্যসমূহ সাধারণ কার্য হিসাবে গণ্য হইবে, যথা :—

(ক) দুর্যোগ পূর্বাভাস ও সতর্কবার্তা প্রচার, বিপদাপন্ন জনগোষ্ঠীকে স্থানান্তর এবং উদ্ধারকারী দলকে প্রস্তুত রাখিবার জন্য প্রয়োজনীয় কার্য;

(খ) পূর্ব-নির্ধারিত জরুরি আশ্রয়কেন্দ্রসমূহে প্রয়োজনীয় সেবা, নিরাপদ ও সুপেয় পানি সরবরাহের ব্যবস্থা এবং নিরাপত্তামূলক কাজের প্রস্তুতি;

(গ) দুর্যোগকালীন বা দুর্যোগ পরবর্তী ঘূর্ণিঝড় আশ্রয়কেন্দ্র, বন্যা আশ্রয়কেন্দ্র বা অন্যান্য আশ্রয়কেন্দ্রে আশ্রয়গ্রহণকারী ব্যক্তিদের জন্য খাবার পানিসহ জরুরি আহার বা দুগ্ধপোষ্য শিশুর জন্য তাহাদের উপযোগী খাদ্য সরবরাহকরণ;

(ঘ) আশ্রয়কেন্দ্রে অবস্থানকারী মহিলাদের জন্য প্রয়োজনীয় স্বাস্থ্য সামগ্রী এবং গর্ভবতী মহিলাদের জন্য প্রয়োজনীয় সেবা সরবরাহ নিশ্চিতকরণ;

(ঙ) দুর্গত এলাকায় ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের জীবনধারণের জন্য জরুরি ভিত্তিতে চাল, ডাল, আলু, তেল, লবণ, মরিচ, মশলা, চিড়া, মুড়ি, গুড় ও বিস্কুট জাতীয় শুকনা খাবার, দিয়াশলাই, মোমবাতি, জ্বালানি, বিশুদ্ধ খাবার পানিসহ অন্যান্য প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়, সরবরাহ ও পরিবহণ;

(চ) আশ্রয়কেন্দ্রে রক্ষিত প্রাণিসম্পদের জন্য নিরাপদ পানিসহ সাময়িক খাদ্য সরবরাহকরণ;

(ছ) দুর্যোগের অব্যবহিত পরবর্তী সময়ে দুর্গত এলাকায় বসবাসকারী গৃহহীন ক্ষতিগ্রস্ত জনসাধারণের অস্থায়ী আবাসনের জন্য ত্রিপল ও আনুষঙ্গিক দ্রব্যাদি সরবরাহ বা স্থাপনের জরুরি ব্যয়;

(জ) প্রয়োজনীয় চিকিৎসা উপকরণ ক্রয় এবং সরবরাহকরণ;

(ঝ) দুর্যোগপূর্ণ এলাকার জন্য প্রয়োজনীয় সংখ্যক শাড়ি, লুঙ্গি ও শিশু পোশাক ক্রয় এবং সরবরাহকরণ;

(ঞ) দুর্যোগকালীন সময় বা দুর্যোগের অব্যবহিত পরবর্তী সময়ে, প্রয়োজনে, পরিবেশ বা জনস্বাস্থ্য রক্ষার্থে ক্ষতিগ্রস্ত স্থাপনা, প্রতিষ্ঠান, বাড়ি বা যানবাহন অপসারণের কার্যক্রম গ্রহণ;

(ট) জীবিত বা আহত কোনো ব্যক্তি বা মরদেহ উদ্ধার, সম্পদ সুরক্ষা ও স্থানান্তরের জন্য প্রয়োজনীয় আনুষঙ্গিক কার্য;

(ঠ) জীবিত বা আহত কোনো প্রাণি বা প্রাণিদেহ উদ্ধার, পুকুর, নদী-নালা, খাল-বিল ও জলাধারে প্রাপ্ত মৃত গবাদিপশু, মৎস্যসহ অন্যান্য প্রাণিদেহ অপসারণ এবং পরিবেশ বিপর্যয় রোধে মাটিতে পুতিয়া ফেলার জন্য ত্বরিত ব্যবস্থা গ্রহণ;

(ড) জলাবদ্ধতা দূরীকরণ এবং দূষিত পানি শোধনের ব্যবস্থাকরণ;

(ঢ) মরদেহ দ্রুত দাফন বা সৎকারের জন্য প্রয়োজনীয় অর্থের সংস্থান;

(ণ) দুর্যোগের সময় ব্যবহৃত হইতে পারে এইরূপ হুকুম দখলকৃত স্থাপনা হইতে অবৈধ দখলদার উচ্ছেদ কার্যক্রম;

(ত) দুর্যোগকালীন বা দুর্যোগের অব্যবহিত পরবর্তী উদ্ধার কাজে নিয়োজিত যানবাহন ও যন্ত্রাদির জন্য ন্যূনতম জ্বালানি ক্রয়;

(থ) উদ্ধার কাজে ব্যবহারের জন্য তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় টর্চলাইট, অক্সিজেন, তরল খাবার, হ্যান্ডগ্লোবস, নি-প্যাড, মাস্ক, হ্যাক্সোব্লেড, কোদাল, শাবল, বেলচা, এয়ারফ্রেশনার, ব্লিচিং পাউডারসহ অন্যান্য প্রয়োজনীয় দ্রব্যাদি ক্রয়;

(দ) বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, সিপিপি, বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি, বাংলাদেশ স্কাউটস, আঞ্জুমান মুফিদুল ইসলাম কর্তৃক প্রেরিত জনবল, স্বেচ্ছাসেবক বা উদ্ধার কাজে সহায়তাকারী সাধারণ ছাত্র-জনতা, শ্রমিক এবং নিয়োজিত পুলিশের খাবার ও পানীয় জলের ব্যবস্থাকরণ;

(ধ) দুর্যোগকালীন বা দুর্যোগের অব্যবহিত পরবর্তী সময়ে উপকূলবর্তী অঞ্চলের জন্য জরুরিভাবে বিশুদ্ধ পানি সরবরাহকরণ;

(ন) মানবিক সহায়তা কার্যক্রমের আওতায় দুর্যোগে ক্ষতিগ্রস্ত পরিবার এবং দুর্যোগে নিহত অসচ্ছল পরিবারকে তাৎক্ষণিকভাবে আর্থিক সহায়তা প্রদান;

(প) আইনের ধারা ২৫ এর উপ-ধারা (১) ও (২) এর বিধান মোতাবেক দুর্যোগ ব্যবস্থাপনা কর্মকাণ্ডে বেসরকারি প্রতিষ্ঠান ও ব্যক্তিগণকে সম্পৃক্তকরণ এবং উপ-ধারা (৩) এর বিধান মোতাবেক চিকিৎসা সেবা প্রদান;

(ফ) আশ্রয়কেন্দ্রে আশ্রয়গ্রহণকারী নারী ও কন্যা শিশু যেন যৌন হয়রানি বা নির্যাতনের শিকার না হয় তদুদ্দেশ্যে প্রয়োজনীয় নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণ;

(ব) আশ্রয়কেন্দ্র ব্যবহারের পর উহা পূর্বাবস্থায় ফিরাইয়া আনিবার জন্য প্রয়োজনীয় সংস্কার ও পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম;

(ভ) আশ্রয়কেন্দ্রের নিরাপত্তার জন্য সার্বক্ষণিকভাবে নিয়োজিত আনসার সদস্য বা নিরাপত্তারক্ষীর বেতন, ভাতা বা এতদ্‌সংক্রান্ত অন্য কোনো কার্য;

(ম) আশ্রয়কেন্দ্রের সংযোগ সড়ক ভাংগিয়া গেলে, বন্ধ হইয়া গেলে বা অন্য কোনোভাবে ক্ষতিগ্রস্ত হইলে উহা চলাচলের উপযোগী করিবার জন্য তাৎক্ষণিক সংস্কার;

(য) আশ্রয়কেন্দ্রের নিরাপত্তার জন্য সিসিটিভি ক্যামেরাসহ অন্যান্য প্রয়োজনীয় সরঞ্জামের ব্যবস্থাকরণ;

(র) সরকার কর্তৃক ঘোষিত অন্য কোনো কার্য।

(৪) এই বিধির অন্যান্য বিধানাবলিতে যাহা কিছুই থাকুক না কেন, দীর্ঘমেয়াদী ত্রাণ বা পুনর্বাসন কার্যকম পরিচালনার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা তহবিলের অর্থ বরাদ্দ প্রদান করা যাইবে না।

১১। **তহবিল বরাদ্দ পদ্ধতি ও হিসাব ব্যবস্থাপনা।**—(১) জেলা দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল হইতে অর্থ বরাদ্দের ক্ষেত্রে সংশ্লিষ্ট দুর্যোগপূর্ণ এলাকার বিপদাপন্নতার (vulnerability) মাত্রা, জনসংখ্যার (population) ঘনত্ব এবং দরিদ্রতার (poverty) অনুপাত বিবেচনা করিতে হইবে।

(২) জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল এবং জেলা দুর্যোগ ব্যবস্থাপনা তহবিলের নামে চলতি হিসাব থাকিবে এবং সকল চলতি হিসাবে সরকারি বিধান মোতাবেক অর্থ জমা ও ব্যয় করিতে হইবে।

(৩) সরকার, প্রয়োজনে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল এবং জেলা দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল ব্যতীত অন্য কোনো দুর্যোগ ব্যবস্থাপনা তহবিলে প্রদেয় বরাদ্দের পদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(৪) প্রত্যেক অর্থ বৎসর শেষে তহবিলের অব্যয়িত অর্থ সরকারি কোষাগারে ফেরত প্রদান করিতে হইবে।

১২। **প্রকল্প বা কর্মসূচি গ্রহণ, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বরাদ্দ প্রদান।**—(১) নিম্নবর্ণিত ক্ষেত্রে প্রকল্প বা কর্মসূচি গ্রহণ করা যাইবে, যথা :—

(ক) স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণমূলক পদ্ধতিতে দুর্যোগ-ঝুঁকি নিরূপণপূর্বক উহা নিরসনে তফসিল মোতাবেক কর্মপরিকল্পনা প্রণয়ন করিতে হইবে;

(খ) কর্মপরিকল্পনায় বিপদাপন্ন জনগোষ্ঠীর ঝুঁকিহ্রাসে বিভিন্ন ধরনের কাঠামোগত ও অকাঠামোগত প্রকল্প বা কর্মসূচি প্রণয়ন;

(গ) প্রকল্প রেজিস্টার সংরক্ষণ এবং উহাতে সকল প্রকল্পের তথ্য লিপিবদ্ধকরণ;

(ঘ) প্রকল্প প্রস্তাব প্রণয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিপদাপন্ন জনগোষ্ঠীর, বিশেষত নারী, শিশু, প্রতিবন্ধী ও বয়স্ক ব্যক্তিদের অসুবিধা দূরীকরণের বিষয়ে গুরুত্ব প্রদান;

(ঙ) গৃহীত প্রকল্প বা কর্মসূচি যাহাতে গৌণ বা বিচ্ছিন্ন ধরনের না হইয়া যথাসম্ভব সমন্বিত প্রকৃতির হয় এবং অন্য কোন সংস্থা বা কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত বা বাস্তবায়িত প্রকল্প বা কর্মসূচির পুনরাবৃত্তি না ঘটে সেই বিষয়টি নিশ্চিতকরণ;

(চ) প্রকল্প বা কর্মসূচি নির্বাচন করিবার সময় দুর্যোগ ঝুঁকিহ্রাস এবং জলবায়ু পরিবর্তনের সহিত অভিযোজনের বিষয় গুরুত্বসহকারে বিবেচনা করিতে হইবে এবং প্রকল্প বা কর্মসূচির নামের মধ্যে উহার প্রতিফলন নিশ্চিতকরণ;

(ছ) প্রকল্প বা কর্মসূচি নির্বাচন করিবার সময় প্রকল্প বা কর্মসূচি বাস্তবায়নের ফলে অধিক সংখ্যক মানুষের দুর্যোগ ঝুঁকিহ্রাস নিশ্চিতকরণ।

(২) কর্মসূচি বা প্রকল্প প্রণয়নের ক্ষেত্রে নিম্নবর্ণিত বিষয়াদি নিশ্চিত করিতে হইবে, যথা:—

(ক) প্রকল্প বা কর্মসূচি প্রণয়নের জন্য নির্ধারিত ছক (তফসিল) ব্যবহার এবং, প্রযোজ্য ক্ষেত্রে, ডিজাইন সংযোজন;

(খ) জাতীয় কমিটি বা জেলা কমিটির নির্দেশনা মোতাবেক প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কর্তৃক কারিগরি সহায়তায় ডিজাইন ও ব্যয় প্রাক্কলনসহ প্রকল্প বা কর্মসূচি প্রস্তুতকরণের মূল দায়িত্ব পালন;

(গ) প্রকল্প বা কর্মসূচি ডিজাইন সুস্পষ্ট ও পূর্ণাঙ্গকরণ এবং প্রাক্কলিত ব্যয় খাতওয়ারি বিভাজনসহ প্রদর্শন যাহাতে ভবিষ্যতে প্রকল্প বা কর্মসূচি মনিটরিং সহজতর হয়;

(ঘ) প্রকল্প বা কর্মসূচির ডিজাইন প্রণয়নের ক্ষেত্রে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক প্রণীত গ্রামীণ অবকাঠামো নির্মাণ বা সংস্কার বা রক্ষণাবেক্ষণ সংক্রান্ত প্রকল্প ছক অনুসরণ;

(ঙ) মাটির কাজের ক্ষেত্রে প্রকল্প বা কর্মসূচি ডিজাইনে উক্ত কাজের নিট পরিমাণ (যেমন- ডিজাইন ওয়ার্ক, প্রি-ওয়ার্ক) সুস্পষ্টভাবে উল্লেখকরণ এবং ঘনমিটার একক হিসাবে বিবেচনা;

(চ) প্রাক্কলন করিবার ক্ষেত্রে জাতীয় কমিটি বা জেলা কমিটি কর্তৃক স্থানীয় বাস্তবতার আলোকে সরকার কর্তৃক নির্ধারিত স্ট্যান্ডার্ড মূল্য হার ব্যবহার।

(৩) আইনের উদ্দেশ্য পূরণকল্পে, গৃহীতব্য কর্মসূচি বা প্রকল্পের ধরন ও বরাদ্দের পরিমাণ হইবে নিম্নরূপ, যথা:—

(ক) ক্ষুদ্র কর্মসূচি বা প্রকল্পের ক্ষেত্রে বরাদ্দ অনূর্ধ্ব ১০(দশ) লক্ষ টাকা পর্যন্ত;

(খ) মাঝারি কর্মসূচি বা প্রকল্পের ক্ষেত্রে বরাদ্দ অন্যূন ১০(দশ) লক্ষ টাকা হইতে অনূর্ধ্ব ৫০(পঞ্চাশ) লক্ষ টাকা।

(৪) সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, উপ-বিধি (৩) এ উল্লিখিত বরাদ্দের পরিমাণ হ্রাস বা বৃদ্ধি করিতে পারিবে।

১৩। **কর্মসূচি বা প্রকল্প অনুমোদন ও বাস্তবায়ন।**—(১) কর্মসূচি বা প্রকল্প প্রস্তাব দাখিল ও অনুমোদন নিম্নরূপভাবে সম্পাদন করিতে হইবে, যথা:—

(ক) উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি ও ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত প্রকল্প প্রস্তাব জেলা কমিটির নিকট দাখিল;

(খ) সম্ভাব্যতা যাচাইকালে প্রস্তাবিত প্রকল্প যদি কারিগরি ত্রুটিযুক্ত হয়, তবে তাহা সংশোধনের জন্য মতামতসহ সংশ্লিষ্ট কমিটির নিকট ফেরত প্রদান;

(গ) ক্ষুদ্র প্রকল্প জেলা কমিটি গ্রহণ ও অনুমোদন করিবে;

(ঘ) মাঝারি প্রকল্প জাতীয় কমিটি গ্রহণ ও অনুমোদন করিবে।

(২) উপ-ধারা (১) এর অধীন গৃহীত কর্মসূচি বা প্রকল্প বাস্তবায়নের পদ্ধতি হইবে নিম্নরূপ, যথা:—

(ক) ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি এবং উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে ক্ষুদ্র ও মাঝারি প্রকল্প বাস্তবায়ন;

(খ) প্রকল্প বাস্তবায়নে সরকারি ক্রয়নীতি অনুসরণ;

(গ) কর্মসূচি বা প্রকল্প বাস্তবায়নকারী হিসাবে সংশ্লিষ্ট দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিকে অগ্রাধিকার প্রদান;

(ঘ) উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যানগণ, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাগণ কর্তৃক কর্মসূচি বা প্রকল্প বাস্তবায়নকালে তদারকি ও মনিটরিং;

(ঙ) কর্মসূচি বা প্রকল্প বাস্তবায়নকালে জেলা প্রশাসক, অতিরিক্ত জেলা প্রশাসকগণ, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, জেলা পর্যায়ের সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাগণ, জেলা, উপজেলা ও ইউনিয়ন দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ কর্তৃক তদারকি ও পরিবীক্ষণ।

১৪। **হিসাবরক্ষণ ও নিরীক্ষা**।—(১) সরকার জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা তহবিলের হিসাব সংরক্ষণ করিবে।

(২) জেলা প্রশাসক জেলা দুর্যোগ ব্যবস্থাপনা তহবিলের হিসাব সংরক্ষণ করিবে।

(৩) সরকার কর্তৃক নিয়োজিত অভ্যন্তরীণ নিরীক্ষক দল জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল ও জেলা দুর্যোগ ব্যবস্থাপনা তহবিলের আয়-ব্যয়ের যথাযথ হিসাব নিরীক্ষা করিবেন এবং বার্ষিক নিরীক্ষা বিবরণী প্রস্তুত করিবেন।

১৫। **প্রতিবেদন**।—জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা তহবিল এবং জেলা দুর্যোগ ব্যবস্থাপনা তহবিলের পূর্ববর্তী অর্থবৎসরে সম্পাদিত কার্যাবলির খতিয়ান ও আয়-ব্যয়ের হিসাবে সম্বলিত একটি প্রতিবেদন প্রত্যেক বৎসর ৩১শে জুলাই এর মধ্যে জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা তহবিলের ক্ষেত্রে সরকারের যুগ্মসচিব (ত্রাণ) সরকারের নিকট এবং জেলা দুর্যোগ ব্যবস্থাপনা তহবিলের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক সরকার বা, ক্ষেত্রমত, জাতীয় কমিটির নিকট পেশ করিবেন।

১৬। **কমিটি গঠন**।—সরকার, আইন বা এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, গেজেট প্রজ্ঞাপন দ্বারা, উপজেলা, পৌরসভা বা ইউনিয়ন পর্যায়ে দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি গঠন করিতে পারিবে।

তফসিল

[বিধি ১২(১) ও (২) দ্রষ্টব্য]

**দুর্যোগ ব্যবস্থাপনা তহবিলের অর্থায়নে প্রকল্প/কর্মসূচি প্রস্তাব**

প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচি প্রণয়নের তারিখ:

আইডি নং:

**১। প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচির নাম :**

**২। প্রকল্প/কর্মসূচির ধরন : (টিক চিহ্ন দিন)** (ক) কাঠামোগত ☐

(খ) অকাঠামোগত ☐

**৩। প্রকল্প/কর্মসূচির নির্ধারিত স্থান :**

জেলা : উপজেলা : ইউনিয়ন :

ওয়ার্ড: গ্রাম :

**৪। প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচির তথ্যাবলি :**

(ক) সাধারণ তথ্যাবলি :

- প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচির উদ্দেশ্য :
- প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচির যৌক্তিকতা :
- প্রকল্প/কর্মসূচির আওতায় গৃহীতব্য কার্যক্রমসমূহ এবং কার্যক্রমসমূহের সম্ভাব্য ফলাফল :

| ক্রমিক নং | কার্যক্রম | সম্ভাব্য ফলাফল |
|---|---|---|
| ১। | | |
| ২। | | |
| ৩। | | |
| ৪। | | |

- প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচির বাস্তবায়নকাল :
- প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচির প্রাক্কলিত ব্যয় :
- প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচির সুবিধাভোগীর সংখ্যা: পুরুষ ............... নারী ............ মোট ..................

(খ) কারিগরি তথ্যাবলি :

(১) নির্মাণ সংক্রান্ত তথ্য :

| ক্রমিক নং | নির্মাণ কাজের ধরন (ভবন তৈরি/মেরামত/ সড়ক/অন্যান্য) | মোট আয়তন (বর্গফুট) | নির্মাণ ব্যয় | | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | প্রতি বর্গফুটের | রাস্তার ক্ষেত্রে কি: মি: | |
| ১। | | | | | |
| ২। | | | | | |

প্রস্তাবিত প্ল্যান (নকশা) এবং প্রাক্কলন পৃথকভাবে সংযোজন করিতে হইবে

(২) সরঞ্জাম/যন্ত্রপাতি সংগ্রহ পরিকল্পনা (যদি থাকে) :

| ক্রমিক নং | সরঞ্জাম/যন্ত্রপাতির বিবরণ | প্রস্তাবিত সংখ্যা | সম্ভাব্য ব্যয় | যৌক্তিকতা |
|---|---|---|---|---|
| ১। | | | | |
| ২। | | | | |

প্রাক্কলন (পৃথকভাবে সংযোজন করিতে হইবে)।

(৩) প্রশিক্ষণ সংক্রান্ত তথ্য (যদি থাকে):

| ক্রমিক নং | প্রশিক্ষণের নাম | মেয়াদ | স্থান | ব্যয় | যৌক্তিকতা |
|---|---|---|---|---|---|
| ১। | | | | | |
| ২। | | | | | |

প্রশিক্ষণ পরিকল্পনা এবং প্রাক্কলন (পৃথকভাবে সংযোজন করিতে হইবে)।

৫। **প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচির আইটেমওয়ারি সম্ভাব্য ব্যয় :**

প্রকল্প/কর্মসূচির শুরু হইতে সমাপ্তি পর্যন্ত সম্ভাব্য ব্যয়ের বিস্তারিত বিবরণ (প্রয়োজনে ভিন্ন কাগজ ব্যবহার করুন):

| ক্রমিক নং | উপকরণ/সামগ্রী | পরিমাণ (ইউনিট) | ইউনিট মূল্য (টাকা) | মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|
| ১। | | | | |
| ২। | | | | |
| ৩। | | | | |
| ৪। | | | | |
| ৫। | | | | |
| সর্বমোট= | | | | |

৬। **প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচি গ্রহণ ও বাছাই পদ্ধতি :**

- স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণমূলক পদ্ধতিতে জনগোষ্ঠীর দুর্যোগ ঝুঁকি নিরূপণ করা হইয়াছে কি? হ্যাঁ ☐ না ☐
- দুর্যোগ ঝুঁকি নিরসন কর্মপরিকল্পনা প্রস্তুত করা হইয়াছে কি? হ্যাঁ ☐ না ☐
- দুর্যোগ ঝুঁকি নিরূপণকারী কর্তৃপক্ষ : .......... দুর্যোগ ঝুঁকি নিরূপণ করিবার তারিখ : ............
- প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচি বাস্তবায়িত হইলে কোন কোন বিপদাপন্ন সেক্টর/দল উপকৃত হইবে? (সংক্ষেপে বর্ণনা করুন)
- প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচি প্রণয়নের ক্ষেত্রে জলবায়ু পরিবর্তনের বিষয়টি বিবেচনা করা হইয়াছে কি? হ্যাঁ ☐ না ☐
- প্রকল্প/কর্মসূচি বাস্তবায়িত হইলে পরিবেশের উপর ইহার কোন নেতিবাচক প্রভাব পড়িবার সম্ভাবনা আছে কি? হ্যাঁ ☐ না ☐
- প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচি অন্য কোন সেক্টরের পরিকল্পনাধীন আছে কি? হ্যাঁ ☐ না ☐
- প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচির ডিজাইন প্রণয়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিপদাপন্ন জনগোষ্ঠীর, বিশেষত নারী, শিশু, প্রতিবন্ধি ও বয়স্ক ব্যক্তিদের চলাচলসহ অন্যান্য সুবিধা ও অসুবিধার প্রতি গুরুত্ব দেওয়া হইয়াছে কি? হ্যাঁ ☐ না
- প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচির ফলে স্থানীয় কর্মসংস্থান সৃষ্টির সম্ভাবনা আছে কি? হ্যাঁ ☐ না ☐
- প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচির ফলে স্থানীয় মহিলাদের কর্মসংস্থান সৃষ্টির সম্ভাবনা আছে কি? হ্যাঁ ☐ না ☐
- ইউনিয়ন/উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি কর্তৃক প্রকল্প/কর্মসূচি রেজিস্টারে লিপিবদ্ধ করা হইয়াছে কি? হ্যাঁ ☐ না ☐
- প্রকল্প/কর্মসূচি রেজিস্টারে লিপিবদ্ধ করিবার তারিখ :.......... . ক্রমিক/আইডি নং :..........

৭। **প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচি সমাপ্তির পর প্রকল্প/কর্মসূচিতে গৃহীত কার্যক্রমকে টেকসই করিবার জন্য গৃহীত ব্যবস্থাঃ (টিক চিহ্ন দিন)**

- উপকারভোগীদের অবদান/অংশীদারীত্ব/মালিকানা নিশ্চিত করা হইবে ☐
- সংশ্লিষ্ট কমিউনিটিকে প্রকল্প/কর্মসূচি তদারকি ও টেকসই করিবার কাজে সম্পৃক্ত করা হইবে ☐

- সংশ্লিষ্ট দুর্যোগ ব্যবস্থাপনা কমিটিকে তদারকি ও টেকসই করিবার কাজে সম্পৃক্ত করা হইবে ☐
- সংশ্লিষ্ট সরকারি/বেসরকারি সংস্থাকে তদারকি ও টেকসই করিবার কাজে সম্পৃক্ত করা হইবে ☐
- প্রকল্প/কর্মসূচিটি সম্পন্ন করিয়া সংশ্লিষ্ট দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির মাধ্যমে উপকারভোগীদের নিকট হস্তান্তর করা হইবে ☐
- প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নকালে এবং বাস্তবায়ন পরবর্তীতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মনিটরিং অব্যাহত রাখা হইবে ☐

৮। **প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচির প্রভাব :**

(ক) দুর্যোগ ঝুঁকিহ্রাসে অবদান—

(খ) জলবায়ু পরিবর্তন অভিযোজনে অবদান—

৯। **প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নের জন্য গঠিত প্রকল্প/কর্মসূচি বাস্তবায়ন কমিটি :**

| ক্রমিক নং | পদবি | নাম | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১। | সভাপতি | | |
| ২। | সদস্য | | |
| ৩। | সদস্য | | |
| ৪। | সদস্য | | |
| ৫। | সদস্য | | |
| ৬। | সদস্য | | |
| ৭। | সদস্য-সচিব | | |

১০। **সংশ্লিষ্ট দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি (ডিএমসি) কর্তৃক অনুরোধপত্র :**

আমি ................................................, চেয়ারম্যান ............................ ইউডিএমসি/উপজেলা ডিএমসি এ মর্মে প্রত্যয়ন করিতেছি যে, উল্লিখিত সকল তথ্যাদি সঠিক এবং আমার জ্ঞাতসারে করা হইয়াছে। আমি উল্লিখিত প্রকল্প/কর্মসূচি বাস্তবায়ন করিবার জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

অফিসিয়াল সিল

সভাপতি

............. ইউনিয়ন/উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি

তারিখ : .........................

**১১। সংশ্লিষ্ট প্রকল্প/কর্মসূচি বাস্তবায়ন কর্মকর্তা (পিআইও) কর্তৃক প্রত্যয়নপত্র :**

আমি ............................................, পিআইও ............................ উপজেলা প্রত্যয়ন করিতেছি যে, সংশ্লিষ্ট জনগণের কমিউনিটির প্রয়োজন এবং ডিএমসি'র চাহিদা মোতাবেক প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচি আমি সরেজমিনে পরিদর্শনক্রমে প্রস্তুত করিয়াছি। প্রকৃত বাজার মূল্যের নিরিখে প্রকল্প/কর্মসূচির ব্যয় প্রাক্কলন করা হইয়াছে। দুর্যোগ ব্যবস্থাপনা তহবিলের অর্থায়নে প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নের জন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানাচ্ছি।

অফিসিয়াল সিল

প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
....................... উপজেলা
ও
সদস্য-সচিব
.................উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি
তারিখ: ...........................

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আলী রেজা মজিদ**
অতিরিক্ত সচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd